



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)  
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.  
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১২ জানুয়ারি ২০২০

প্রেস বিজ্ঞপ্তি

## ইউপিডিএফ সদস্য হত্যার প্রতিবাদে পানছড়িতে বাজার বয়কট কর্মসূচি পালিত

ইউপিডিএফ সদস্য পরেশ ত্রিপুরাকে বিচার বহির্ভূতভাবে হত্যার প্রতিবাদে পূর্বঘোষিত কর্মসূচি অনুযায়ী আজ রবিবার (১২ জানুয়ারি ২০২০) পানছড়ি বাজার বয়কট কর্মসূচি সফলভাবে পালিত হয়েছে।

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর পানছড়ি ইউনিটের আহ্বানে এই কর্মসূচি পালিত হয়।

আজ সাপ্তাহিক হাটবার হলেও বাজার বয়কট কর্মসূচিতে সাড়া দিয়ে উপজেলার অধিকাংশ জনগণ বাজারে যাওয়া থেকে বিরত ছিলেন।

ইউপিডিএফ-এর পানছড়ি ইউনিটের সংগঠক রুপায়ন চাকমা বাজার বয়কট কর্মসূচি সফল করার জন্য জনগণের প্রতি আন্তরিক ধন্যবাদ জানিয়ে বলেছেন, রাষ্ট্রীয় সন্ত্রাস ও অন্যান্য-অবিচারের বিরুদ্ধে জনগণকেই ঐক্যবদ্ধভাবে প্রতিবাদ-প্রতিরোধ গড়ে তুলতে হবে।

তিনি আগামীকাল সোমবার (১৩ জানুয়ারি) ঘোষিত উপজেলায় অর্ধদিবস সড়ক অবরোধ কর্মসূচি সফল করার জন্য উপজেলাবাসীর প্রতি উদাত্ত আহ্বান জানিয়েছেন।

উল্লেখ্য, গত শুক্রবার রাত সোয়া আটটার দিকে সিভিল পোশাক পরিহিত নিরাপত্তা বাহিনীর সদস্যরা মহেন্দ্র-যোগে ও তাদের মদদপুষ্ট সন্ত্রাসীরা মোটর সাইকেল যোগে মরাটলায় গিয়ে গুলি করে পরেশ ত্রিপুরাকে হত্যা করে।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।